**AKASHVANI (Kolkata)**

**Regional News Unit**

**Date : 06-06-2025** **Desk in Charge : SDG**

**Time : 7-35 A.M** **Compiling : NBR**

**DEO : KB** **NR : NBR**

**Announcement :-** আকাশবাণী, খবর পড়ছিঃ -

<u>বিশেষ বিশেষ খবরঃ-</u>

১/ ‘অপারেশন সিন্দুর’-এ ভারতীয় সেনাবাহিনীর কৃতিত্বের জন্য তাঁদের ধন্যবাদ জানিয়ে রাজ্য বিধানসভায় একটি প্রস্তাব আনা হচ্ছে।

২/ সারা দেশের সঙ্গেই এরাজ্যের বিভিন্ন জেলায় আয়োজিত ‘বিকশিত ভারত কৃষি সংকল্প অভিযান’-এ কৃষকদের মধ্যে সচেতনতা বৃদ্ধির কাজ চলেছে।

৩/ যোগ্য ও অযোগ্য শিক্ষাকর্মীদের তালিকা প্রকাশ করা এবং যোগ্যদের পুনর্বহালের দাবিতে গতকাল বিকাশভবন অভিযান করেন, চাকরিহারা গ্রুপ-সি এবং গ্রুপ-ডি শিক্ষাকর্মীরা।

৪/ গ্রামাঞ্চলের নিকাশি, জঞ্জাল অপসারণ সহ সামগ্রিক পরিকাঠামো উন্নয়নে রাজ্য সরকার ‘মিশন নির্মল বাংলা’ প্রকল্পের অধীনে একাধিক উদ্যোগ নিচ্ছে।

৫/ CAB-র প্রথম ডিভিশন ক্রিকেট লিগে যুগ্মভাবে জয়ী হয়েছে, ভবানীপুর ক্লাব ও ইস্টবেঙ্গল।

*****************************************************************

‘অপারেশন সিন্দুর’-এ ভারতীয় সেনাবাহিনীর কৃতিত্বের জন্য তাঁদের ধন্যবাদ জানিয়ে রাজ্য বিধানসভায় একটি প্রস্তাব আনা হচ্ছে।

আগামী মঙ্গলবার ১০ই জুন বিধানসভার বাদল অধিবেশনের দ্বিতীয় দিনে সরকারি এই প্রস্তাব নিয়ে দু’ঘন্টা আলোচনা হবে। রাজ্য বিধানসভার অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায় বিধানসভার অধিবেশন শুরুর আগে গতকাল প্রথামাফিক সর্বদলীয় বৈঠকের পর একথা জানান। ( বাইট- বিমান )

উল্লেখ্য, সোমবার ৯’ই জুন থেকে বিধানসভার পরবর্তী অধিবেশন শুরু হচ্ছে। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি, দ্বিতীয় দিন ওই আলোচনায় অংশ নিতে পারেন বলে অধ্যক্ষ জানিয়েছেন।

এদিকে, পহেলগাঁও হামলা নিয়ে বিধানসভায় আনা প্রস্তাবের ওপর আলোচনায় প্রধান বিরোধী দল বিজেপি অংশ নেবে বলে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী জানিয়েছেন। ( বাইট- শুভেন্দু )

*********************

সারা দেশের সঙ্গেই এরাজ্যের বিভিন্ন জেলায় আয়োজিত ‘বিকশিত ভারত কৃষি সংকল্প অভিযান’-এ কৃষকদের মধ্যে সচেতনতা বৃদ্ধির কাজ চলেছে।

মালদা জেলা কৃষিবিজ্ঞান কেন্দ্রের উদ্যোগে ‘বিকশিত ভারত কৃষি সংকল্প অভিযান’ শীর্ষক সচেতনতা শিবিরে কৃষকদের উপস্থিতি ছিল চোখে পড়ার মতো। এই অভিযানের অষ্টম দিনে, জেলার ইংলিশবাজার ব্লকের অমৃতিতে CISH লখনউয়ের পরিচালক ডঃ টি- দামোদরন অনুষ্ঠানে যোগ দেন। উপস্থিত ছিলেন বিজ্ঞানী ড: ডি কে রাঘব সহ অন্যান্যরা। ডঃ দামোদরন বলেন, বিজ্ঞানীরা গ্রামে গিয়ে পরামর্শ দিলে কৃষকরা সরাসরি উপকৃত হবেন এবং নতুন প্রযুক্তি গ্রহণ করলে কৃষকদের আয় বৃদ্ধি পাবে।

এদিকে, দক্ষিণ ২৪ পরগনার বাসন্তীর কুলতলী মিলন তীর্থ সোসাইটির ক্যাম্পাসে গতকাল আয়োজিত বিকশিত কৃষি সংকল্প অভিযানে অংশ নেন ২০০০ এরও বেশি কৃষক। শিবিরের উদ্বোধন করেন ভারতীয় কৃষি অনুসন্ধান পর্ষদের ডেপুটি ডিরেক্টর জেনারেল ডক্টর জয়কৃষ্ণ জেনা। আলোচনায় অংশ নেন স্বামী শিবপূর্ণ নন্দ মহারাজ, কুললতলী মিলন তীর্থ সোসাইটির সভাপতি লোকমান মোল্লা, CIFRI র অধিকর্তা ডক্টর বসন্ত কুমার দাস, শস্য শ্যামলা কৃষিবিজ্ঞান কেন্দ্র নরেন্দ্রপুরের দায়িত্বপ্রাপ্ত আধিকারিক ডক্টর সাগত ঘোষ সহ অন্যান্যরা। ডক্টর জে কে জেনা বলেন, সমগ্র দেশের ৭০০ টি জেলায় ২০০০ বৈজ্ঞানিক টিম ও আধিকারিকরা এই মহান কর্মযজ্ঞে অংশগ্রহণ করেছেন।

********************

সেবা, সুশাসন এবং গরীব কল্যাণের নীতিকে সামনে রেখে বিগত এক দশকে ভারত অভূতপূর্ব রূপান্তরের সাক্ষী থেকেছে। আকাশবাণী সংবাদ-এর বিশেষ প্রতিবেদনে আজ তুলে ধরা হচ্ছে গত ১১ বছরে সরকারের বিভিন্ন খাতে নেওয়া উল্লেখযোগ্য পদক্ষেপ। আজকের বিষয়—সাংস্কৃতিক ঐতিহ্য সংরক্ষণ, যা ভারতের সভ্যতাগত গৌরব পুনরুদ্ধারে এক গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে।

আমাদের প্রতিনিধি অভিজিৎ চক্রবর্তীর একটি প্রতিবেদন-

( AVIJIT CHAKRABORTY VC on Cultural Heritage Preservation )

এই সাংস্কৃতিক নবজাগরণ কেবল অতীতের সংরক্ষণ নয়—এটা বিশ্বাসকে দৃঢ় করা, ঐক্যের ভিত্তি গড়ে তোলা, আর ভবিষ্যৎ প্রজন্মের জন্য উত্তরাধিকার রেখে যাওয়ার সমার্থক।

********************

প্লাস্টিক দূষণ রোধের বার্তা দিয়ে নানা অনুষ্ঠানে গতকাল উদ্‌যাপিত হয়েছে বিশ্ব পরিবেশ দিবস। রাজ্যপাল ডক্টর সি ভি আনন্দ বোস, বিশ্ব পরিবেশ দিবস উপলক্ষ্যে রাজ্যবাসীকে জীব বৈচিত্র্য সংরক্ষণ ও সুরক্ষায় অঙ্গীকারবদ্ধ হওয়ার আহ্বান জানান। পরিবেশ দিবসের মূল অনুষ্ঠানটি হয় নিউটাউনের বিশ্ববাংলা কনভেনশন সেন্টারে।

কলকাতা পুরসভা ও দুটি অসরকারি সংগঠনের যৌথ উদ্যোগে গতকাল টাউন হলে এক অনুষ্ঠানে 'কলকাতা ক্লাইমেট অ্যাকশন প্লান'-এর সূচনা করছেন মেয়র ফিরহাদ হাকিম।

বিভিন্ন জেলা থেকে'ও গতকাল দিনটি পালনের খবর এসেছে।

নদীয়া জেলায় জুন মাসকে 'পরিবেশ মাস' হিসেবে ঘোষণা করা হয়েছে। গোটা মাস জুড়েই চলবে পরিবেশ রক্ষায় সচেতনতার প্রচার ও বৃক্ষরোপণ কর্মসূচী।

এদিকে হুগলী জেলায় আটচালা গ্রুপের উদ্যোগে পান্ডুয়া ব্লকের সিমলাগড় ও তিন্না এলাকায় বিভিন্ন দোকানে এবং হকারদের একবার ব্যবহারযোগ্য প্লাস্টিক ক্যারিব্যাগ ব্যবহার না করার অনুরোধ করা হয়। সংগঠনের পক্ষ থেকে বিতরণ করা হয় কাপড়ের ব্যাগ'ও।

********************

যোগ্য ও অযোগ্য শিক্ষাকর্মীদের তালিকা প্রকাশ করা এবং যোগ্যদের পুনর্বহালের দাবিতে গতকাল বিকাশ ভবন অভিযান করেন চাকরিহারা গ্রুপ-সি এবং গ্রুপ-ডি শিক্ষাকর্মীরা। তাঁদের অভিযোগ, শিক্ষকদের জন্য নিয়োগের বিজ্ঞপ্তি জারি হলেও শিক্ষাকর্মীদের নিয়োগের বিজ্ঞপ্তি সরকার এখনো জারি করেনি। তাঁদের জীবন-জীবিকার স্বার্থে মাসিক ভাতা দেওয়ার ঘোষণা করেছিলেন মুখ্যমন্ত্রী। তবে এ নিয়ে মামলা হওয়ায় সেই ভাতাও তাঁরা পাচ্ছেন না বলে অভিযোগ।

গ্রুপ-সি এবং গ্রুপ-ডি শিক্ষাকর্মীদের তরফে সুজয় সর্দার বলেন, সিবিআই এর চিহ্নিত অযোগ্যদের বেতন ফেরতের জন্য আদালত নির্দেশ দিলেও, সে ব্যাপারে কোনও পদক্ষেপ করছে না সরকার। উল্টে সরকার যে বিজ্ঞপ্তি জারি করে তাতে বলা হয়, ২০১৬-র চাকরিহারা শিক্ষাকর্মীদের ভাতা দেওয়া হবে। অযোগ্যদের কেন এই ভাতা দেওয়া হবে সেই প্রশ্ন তুলেছেন তাঁরা। যোগ্য শিক্ষাকর্মীদের বিষয়ে সরকার উদাসীন বলে তাঁদের অভিযোগ। আড়াই মাস ধরে বেতনহীন অবস্থায় চরম সংকটে দিন কাটাতে হচ্ছে বলে জানিয়েছেন চাকরিহারা এই শিক্ষাকর্মীরা।

********************

চাকরিতে সসম্মানে পুনর্বহালের দাবিতে গতকাল কলকাতায় ধিক্কার মিছিল করেন চাকরিহারা যোগ্য শিক্ষক-শিক্ষিকারা। গড়িয়াহাট থেকে যাদবপুর এইট-বি বাসস্ট্যান্ড

পর্যন্ত মিছিলের পর সেখানে সভা করেন তাঁরা। প্রাতিষ্ঠানিক দুর্নীতির কারণেই তাঁদের চাকরি গিয়েছে বলে সরকারের সমালোচনা করা হয়। সেই সঙ্গে আদালতের রায় নিয়েও তাঁরা অসন্তোষ প্রকাশ করেছেন। আন্দোলনকারীদের ওপর পুলিশী নির্যাতনের প্রতিবাদেও তাঁরা সরব হন।

********************

নিকাশি, জঞ্জাল অপসারণ সহ সামগ্রিক পরিকাঠামো উন্নয়নে রাজ্য সরকার 'মিশন নির্মল বাংলা' প্রকল্পের অধীনে একাধিক উদ্যোগ নিচ্ছে।

নিকাশি, জঞ্জাল অপসারণ এবং বর্জ্য মিশ্রিত জল ব্যবস্থাপনার মতো একাধিক খাতে মোট ৪১০ কোটি টাকার প্রকল্প রূপায়ণের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। প্রশাসনিক সূত্রে খবর, এই অর্থে গ্রামীণ পরিকাঠামোর দ্রুত উন্নয়নের পাশাপাশি সাধারণ মানুষের মৌলিক সুবিধা পৌঁছে দিতে জোর দেওয়া হচ্ছে।

উল্লেখ্য, গত ২০২৪-২৫ অর্থবর্ষে এই খাতে রাজ্যে প্রায় সাড়ে ৮০০ কোটি টাকার পরিকাঠামো তৈরি হয়েছে। এবছর সেই তুলনায় আরও বেশি কাজের লক্ষ্যমাত্রা নিয়েছে সরকার। চলতি আর্থিক বছরের শুরুতেই ৫০ কোটি টাকার প্রকল্পে কাজ শুরু হয়েছে। এবার নেওয়া হচ্ছে আরও ৪০০ কোটি টাকার নতুন প্রকল্প।

এই অর্থের ৬০ শতাংশ দেবে কেন্দ্র এবং ৪০ শতাংশ রাজ্য।

********************

'জল জীবন মিশন'-এর সার্বিক কাজের অগ্রগতি পর্যবেক্ষনে দু'দিনের মালদা জেলা সফরে গতকাল কেন্দ্রীয় নোডাল অফিসার টিমের সদস্যেরা পাঁচটি ব্লক নিয়ে পরিকল্পিত সার্ফেস ওয়াটার বেস স্কিম ঘুরে দেখেন। গঙ্গার জল পরিশোধন করে পাইপ লাইনের মাধ্যমে বাড়ি বাড়ি পৌঁছে দেওয়ার উদ্দেশে কাজ চলছে এই পাঁচটি ব্লক জুড়ে।

কেন্দ্রীয় দলের প্রতিনিধিরা কথা বলেন ইংলিশ বাজার, মানিকচক এবং কালিয়াচক ৩ এর গ্রাম পঞ্চায়েত ও গ্রামের সাধারণ মানুষের সঙ্গে। বিভিন্ন গ্রামে জলের গুণগত মান পরীক্ষাও তাঁদের এই সফরের অংশ হিসেবে চোখে পড়েছে। সফরে মূল অংশ হিসেবে

তাঁরা ঘুরে দেখেছেন মানিকচক ব্লকের গঙ্গার ধারে নির্মিত ইনটেক পয়েন্ট এবং ওয়াটার ট্রিটমেন্ট প্লান্ট ও। জেলা প্রশাসনের সঙ্গে কেন্দ্রীয় নোডাল টিমের বৈঠকেও কাজের বিভিন্ন বিষয় নিয়ে বিস্তারিত আলোচনা হয় বলে জানিয়াছেন জনসাস্থ্য কারিগরি দপ্তরের এক আধিকারিক।

*********************

ইডেনে, ভবানীপুর ক্লাব ও ইস্টবেঙ্গলের মধ্যে CAB-র প্রথম ডিভিশন ক্রিকেট লিগে পাঁচ দিনের ফাইনাল ম্যাচটি গতকাল অমীমাংসিত ভাবে শেষ হয়। দুই দলকে যুগ্ম বিজয়ী ঘোষণা করা হয়েছে। শেষদিনে ইস্টবেঙ্গল প্রথম ইনিংসে আট উইকেটে ২৪৩ রান করার পর বৃষ্টি নামে । ম্যাচ বন্ধ হয়ে যায়।

উল্লেখ্য, ভবানীপুর ৬ উইকেটে ৬৪৩ রান তুলে প্রথম ইনিংসের সমাপ্তি ঘোষণা করেছিল।

এদিকে খেলার শেষে দুই দলের ক্রিকেটারদের তর্কাতর্কির জেরে দুই শিবিরের কর্মকর্তারাও হাতাহাতিতে জড়িয়ে পড়েন বলে অভিযোগ। CAB-র কর্তারা পরিস্থিতি সামলানোর চেষ্টা করেন। পুলিশ ডাকতে হয়।

*****************************************************************